দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 JUL 1988 ...
পৃষ্ঠা ... 3 কলাম 6 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

025

## স্কুলের পাঠ্যপুস্তক বেসরকারী প্রকাশনার হাতে দেওয়ার প্রতিবাদ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

৬ষ্ঠ শ্রেণী হইতে ১০ম শ্রেণী পর্যন্ত প্রতিটি বিষয়ে ৩টি পাঠ্য পুস্তক প্রকাশ ও এই পুস্তক বেসরকারী প্রকাশনা সংস্থার হাতে অর্পণের সিদ্ধান্ত বাতিলের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গত বুধবার টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানের নিকট স্মারকলিপি পেশ করিয়াছে।

গত বুধবার পূর্বাহ্নে বিভিন্ন স্কুল হইতে আগত ছাত্র-ছাত্রীদের নিয়া পরিষদের একটি মিছিল ক্যাম্পাস হইতে বাহির হয়। মিছিলটি মতিঝিলস্থ টেক্সট বুক বোর্ডের সামনে আসিলে ছাত্র-ছাত্রীরা বোর্ড অফিসের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। এই সময় পরিষদের উদ্যোগে একটি সভা অনুষ্ঠিত হয়। ছাত্রনেতা নাজমুল হক প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নাসিরুদ্দোজা, অসীম কুমার উকিল, বজলুর রশিদ ফিরোজ ও নুর আহমেদ বকুল বক্তৃতা করেন। সভাশেষে টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যানের নিকট স্মারকলিপি পেশ করা হয়।

স্মারকলিপিতে প্রতিটি বিষয়ে ৩টি পাঠ্য পুস্তক প্রকাশের সিদ্ধান্ত সম্পর্কে বলা হয়, সরকারের এই সিদ্ধান্ত দেশের ছাত্রসমাজ ও শিক্ষা ব্যবস্থাকে ভয়াবহ দুর্যোগের মুখে ঠেলিয়া দিবে।